

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নং-আর-৬/৭এন-৫৪/২০১৮-৫২৩

২৯ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ-----।
১৩/১১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ নোটারী হিসাবে কাজ করার জন্য সার্টিফিকেট।

সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খাগড়াছড়ি জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব আবদুল মমিন, পিতাঃ আলী আহম্মদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


স্বাঃ-
(মোঃ সোহেল আহমেদ)
উপ-সচিব (প্রশাসন-২)

নং-আর-৬/৭এন-৫৪/২০১৮-৫২৩

তারিখ-১৩/১১/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

- ১। জেলা জজ, খাগড়াছড়ি।
- ২। উপযুক্ত কর্তৃপক্ষ ও যুগ্ম-সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, খাগড়াছড়ি।
- ৬। উপ-পরিচালক, ফরমস্ বাংলাদেশ প্রকাশনা ও সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (উপরের আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিতে অনুরোধ করা হইল)।
- ৭। সচিব-মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। অ্যাডভোকেট জনাব আবদুল মমিন, পিতাঃ আলী আহম্মদ, সাং-আনন্দ নগর, থানাঃ-খাগড়াছড়ি সদার, জেলাঃ-খাগড়াছড়ি।
- ১০। অফিস কপি/গার্ড কপি।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬০১০।